



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

এইচআরএম ইউনিট

[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

ঢাকা



জরুরি

সীমিত

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৬.৩৫.০০২.১৯.৭৫

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৮

০৫ জুন ২০২১

বিষয়: মাঠ পর্যায় এবং আওতাভুক্ত সরকারি কলেজসমূহের ২০২১-২২ অর্থবছরের এপিএ স্বাক্ষর সম্পর্কিত নির্দেশনা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা-এর অধীনস্থ অফিস/চুক্তির আওতাধীন সরকারি কলেজসমূহের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) চুড়ান্ত স্বাক্ষরের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো-

#### চুক্তি প্রণয়নের ক্ষেত্রে বিবেচ্য বিষয়াদি:

১. সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সাথে জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা কর্মকর্তার সাথে আঞ্চলিক উপপরিচালক (মাধ্যমিক), আঞ্চলিক পরিচালকের সাথে এপিএ চুক্তির আওতাধীন সরকারি কলেজসমূহের অধ্যক্ষগণ আগামী ১৫/০৬/২০২১খ্রি তারিখের মধ্যে ২০২১-২২ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষর করবেন।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর সাথে আঞ্চলিক উপপরিচালক (মাধ্যমিক) ও আঞ্চলিক পরিচালকগণ আগামী ১৫/০৬/২০২১খ্রি তারিখের মধ্যে ২০২১-২২ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষর করবেন। এ বিষয়ে পৃথক পত্র জারি করা হবে।
৩. চুক্তির কপি প্রস্তুতকারী কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত খসড়ার বিষয়ে অবশ্যই স্বাক্ষরকারী অপর পক্ষ প্রয়োজনীয় ফিডব্যাক দিবেন এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সর্বশেষ (মার্চ/২০২১) “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২” অনুসরণ করে চুক্তি প্রণয়ন করা হয়েছে কিনা তা যথাযথভাবে মূল্যায়ন করবেন।
৪. কোভিড-২০১৯ (করোনা ভাইরাস) বিবেচনা হরে লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।

উল্লিখিত বিষয়াদির প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৫-৬-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক

মহাপরিচালক

বিতরণ :

- ১) পরিচালক (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল
- ২) অধ্যক্ষ, এপিএ চুক্তির আওতাভুক্ত সকল সরকারি কলেজ
- ৩) আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা)
- ৪) জেলা শিক্ষা কর্মকর্তা, (সকল)

৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৬.৩৫.০০২.১৯.৭৫/১(১০)

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৮  
০৫ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, (পত্রিকা মাউশির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৪) পিএ টু পরিচালক, কলেজ ও প্রশাসন
- ৫) অফিস কপি, এইচআরএম



৫-৬-২০২১

আশেকুল হক

সহকারী পরিচালক-১